

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

শিক্ষা নিয়ে গড়ব দেশ,  
শেখ হাসিনার বাংলাদেশ

www.dme.gov.bd

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার,  
লেভেল-০৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা,  
ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০৫.০০৩.১৮.৫৬৫

তারিখ: ১৬ কার্তিক ১৪২৫

৩১ অক্টোবর ২০১৮

বিষয়: ময়মনসিংহ জেলার সদর উপজেলাধীন মুক্তগাছা আব্বাছিয়া কামিল মাদরাসার শিক্ষক জনাব মানছুরা খাতুন এর প্রভাষক (হাদিস) পদে এমপিওভুক্তির বিষয়ে প্রয়োজনীয় কাগজ-পত্র ও তথ্যাদি মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: (১) মুক্তগাছা আব্বাছিয়া কামিল মাদরাসার স্মারক নং- মুআকামা ২০১৭/৮৫(০২) তারিখ: ০৭.১২.২০১৭খ্রি।  
উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, অধ্যক্ষ, মুক্তগাছা আব্বাছিয়া কামিল মাদরাসা কর্তৃক সূত্রোক্ত স্মারকে মাদরাসাটির প্রভাষক (হাদিস) জনাব মানছুরা খাতুন এর এমপিওভুক্তির জন্য আবেদন করা হয়েছে।

০২. দাখিলকৃত আবেদন ও আবেদনের সাথে সংযুক্ত কাগজ-পত্র ও তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় যে, জনাব মো: ইউছুফ বর্নিত মাদ্রাসায় সহকারী অধ্যাপক (আরবি) হিসেবে অবসর গ্রহণ করায় উক্ত পদে জনাব মানছুরা খাতুনকে কামিল স্তরের প্রভাষক (হাদিস) পদে নিয়োগ প্রদান করা হয় এবং এ পদে (প্রভাষক, হাদিস) এমপিওভুক্তির জন্য আবেদন করা হয়।

০৩. জনাব মানছুরা খাতুনকে কামিল স্তরের প্রভাষক (হাদিস) পদে এমপিওভুক্তির নিমিত্ত দাখিলকৃত আবেদনটি নিম্নোক্ত কাগজ-পত্র ও তথ্যাদি প্রয়োজন-

(ক) কামিল স্তরে হাদিস বিভাগ কত সালে চালু হয়েছে? কামিল হাদিস স্তরের প্রথম এমপিও শিট।

(খ) জনাব মো: ইউছুফ কামিল স্তরের শিক্ষক হিসেবে নিয়োগ প্রাপ্ত কি-না? কামিল স্তরের শিক্ষক হিসেবে নিয়োগ প্রাপ্ত হয়ে থাকলে প্রমাণক হিসেবে পত্রিকার বিজ্ঞপ্তি, তাঁর (জনাব মো: ইউছুফ) নিয়োগ পত্র, যোগদান পত্র ও নিয়োগ বোর্ড কর্তৃক সুপারিশকৃত ফলাফল শিট প্রয়োজন।

(গ) জনাব মো: ইউছুফ এর প্রভাষক (হাদিস) পদে প্রাপ্ত প্রথম এমপিও কপি।

(ঘ) জনাব মো: ইউছুফ এর সহকারী অধ্যাপক পদে প্রাপ্ত সর্বশেষ এমপিও কপি।

(ঙ) জনাব মানছুরা খাতুন এর প্রভাষক (হাদিস) পদে নিয়োগ সংক্রান্ত নিম্নোক্ত সকল কাগজ-পত্র ও তথ্যাদি-

নিয়োগ বিজ্ঞপ্তির সত্যায়িত ফটোকপি, প্রভাষক (হাদিস) পদে নিয়োগ প্রাপ্তির নিমিত্ত ছবিযুক্ত আবেদনের সত্যায়িত ফটোকপি কপি, নিয়োগ বোর্ড কর্তৃক সুপারিশকৃত ফলাফল শিট, নিয়োগ পত্র, যোগদান পত্র, প্রভাষক (হাদিস) পদে নিয়োগ প্রাপ্তির নিমিত্ত যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেরিত ছবিযুক্ত আবেদন পত্র, প্রভাষক (হাদিস) পদে এমপিও প্রাপ্তির নিমিত্ত যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেরিত ১ম আবেদন পত্র।

০৪. প্রভাষক (হাদিস) পদে জনাব মানছুরা খাতুন এর এমপিওভুক্তির জন্য দাপ্তরিক প্রয়োজনে উপরিউক্ত কাগজ-পত্র ও তথ্যাদি প্রয়োজন।

০৫. এমতাবস্থায় ময়মনসিংহ জেলার সদর উপজেলাধীন মুক্তগাছা আব্বাছিয়া কামিল মাদরাসার প্রভাষক (হাদিস) জনাব মানছুরা খাতুন এর এমপিওভুক্তির বিষয়ে উপরিউক্ত কাগজ-পত্র ও তথ্যাদি আগামী ১০.১১.২০১৮ খ্রি: তারিখের মধ্যে এ অধিদপ্তরে প্রেরণ নিশ্চিতকরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



৪-১১-২০১৮

মোঃ আফাজ উদ্দিন

সহকারী পরিচালক

ফোন: ০২-৪১০৩০১৬৭

অধ্যক্ষ

মুক্তাগাছা আব্বাছিয়া কামিল মাদরাসা, ডাক:+উপজেলা-  
মুক্তাগাছা, ময়মনসিংহ

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০৫.০০৩.১৮.৫৬৫/১

তারিখ: ১৬ কার্তিক ১৪২৫  
৩১ অক্টোবর ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ২) আঞ্চলিক পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ময়মনসিংহ অঞ্চল।
- ৩) জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
- ৪) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মুক্তাগাছা, ময়মনসিংহ।
- ৫) অফিস, কপি



৪-১১-২০১৮

মোঃ আফাজ উদ্দিন

সহকারী পরিচালক